কোটচাঁদপুরে জাতীয়তাবাদী কৃষক দলের ৪৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মুল ধারার বিএনপি বাদ দিয়ে বিএনপি করা যাবে না। তাই, ঐক্যবদ্ধ থেকে নিজেদের মধ্যে দ্বিধা-দ্বন্দ্ব ভুলে দেশনায়ক তারেক রহমানের নেতৃত্বে বিএনপিকে ক্ষমতায় আনতে হবে।

আজ বুধবার (১১ ডিসেম্বর) বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর কৃষক দলের আয়োজনে জাতীয়তাবাদী কৃষক দলের (৪৪) তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা শেষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষনা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

তিনি আরো বলেন, ১৯৭২ সাল থেকে ৭৫ পর্যন্ত শেখ মুজিব বাংলাদেশে নির্বিচারে রাজনৈতিক বিরোধীদের হত্যা করেছিল। অন্তত ৪০ হাজার মানুষকে হত্যা করেছিল রক্ষীবাহিনী। শেখ হাসিনাও তার বাবার মতো মানুষ হত্যা করে ক্ষমতায় চিরদিন থাকার দুঃস্বপ্ন দেখেছিল। শেখ হাসিনা দীর্ঘ ১৬ বছরে কয়েক হাজার রাজনৈতিক নেতাকর্মীকে হত্যা-গুম করেছে।

জুলাই আগস্টের ছাত্র-জনতার আত্মত্যাগ স্মরণ করে তিনি বলেন, শেখ হাসিনা ভেবেছিল তার কখনো পতন হবে না। দেশের লাখ লাখ কোটি টাকা লুটপাট করে বিদেশে বেগমপাড়া বানিয়েছে শেখ হাসিনা ও তার সাঙ্গপাঙ্গরা। চারবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছিলেন, হাসিনা দেশটাকে ধ্বংস করে একদিন পালাবে। আজ হাসিনা ঠিকই পালিয়ে গেছে। সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষক দলের সহ-সাধারণ সম্পাদক ইঞ্জিঃ মোমিনুর রহমান মোমিন।

উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপি সাধারণ সম্পাদ আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন-অর রশিদ, পৌর বিএনপি সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন,

পৌর যুব দলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা কৃষক দলের সদস্য সচিব বাবু, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, সদস্য সচিব হাফিজুর রহমান প্রমুখ। আলোচনা সভা সঞ্চালনা করেন পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষিবীদ ফিরোজ উদ্দিন মানিক, সার্বিক তত্ত্বাবধানে ছিলেন উপজেলা কৃষক দলের যুগ্ম আহ্বায়ক আবুল কাশেম। এ সময় বিএনপি, যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবকদল, কৃষক দল, শ্রমিকদল সহ সকল অঙ্গ সংগঠনের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় স্বেচ্ছাসেবক দলের ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

আলমডাঙ্গায় জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আলিফ উদ্দিন মোড়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সভাপতি শহিদুল কাউনাইন টিলু।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে শহিদুল কাউনাইন টিলু বলেন, আমাদের এখানে পুলিশ ছাত্রলীগ, যুবলীগ আওয়ামীলীগ আমাদের নামে মিথ্যা মামলা দিয়েছে। জেল খাটিয়েছে। আমার নেত্রী বেগম খালেদা জিয়া অত্যান্ত অসুস্থ তারপরও তাকে জেলে রেখেছিল। আর তারেক জিয়াকে দেশে আসতে দেয়নি। এজন্য এই সরকারকে বৈষম্য বিরোধী ছাত্ররা, ছাত্রদল, যুবদল সাধারণ জনগণ শেখ হাসিনাকে এদেশ থেকে বিতাড়িত করেছে। তিনি চোরের মত পালিয়ে গেছে। তার মন্ত্রী-এমপিও চোরের মত পালিয়ে বেড়াচ্ছে। তোমরা যদি এতোই ভালো কাজ করে থাকো, তাহলে পালাইয়ে গেলে কেনো। কই আমরা বিএনপিরা কেউ তো পালাইনি, আমার নেত্রী তো পলাইনি। আমাদের কোন নেতা পালাইনি। মির্জা ফখরুল ইসলাম আলমঙ্গীর পালাইনি। দুদু ভাই পালাইনি। আমরা জেলে গেছি কিন্তু পালাইনি।

তিনি বলেন, বিএনপির নাম ভাঙ্গিয়ে যদি কেউ চাঁদাবাজী করে তাহলে আমাদের বলবেন। আমরা তার ব্যবস্থা নেবো। এই আলমডাঙ্গায় আওয়ামীলীগের যেমন অন্যায় করেছে। আওয়ামী লীগের মত অন্যায় এই আলমডাঙ্গায় হতে দেবো না।

আলমডাঙ্গা পৌর স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ন-আহবায়ক মিঠু বিশ্বাস এর সভাপতিত্বে ও আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন-আহবায়ক তৌফিক খানের সঞ্চালনায় এ আলোচনা সভায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ন-সাধারণ সম্পাদক মঞ্জুরুল জাহিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক শেখ সাইফুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও জেহালা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসিরুল ইসলাম সেলিম, আলমডাঙ্গা পৌর বিএনপির সাবেক সভাপতি আনিসুর রহমান, বারাদী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মাসুদ পারভেজ, চুয়াডাঙ্গা জেলা যুবদলের সহ-সভাপতি আজাদ, রাজশাহী মহানগর ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা যুবদল নেতা কায়সুল কাউনাইন রুবেল, উপজেলা যুবদলের সদস্য সচিব শফিকুল আজম ডালিম, আলমডাঙ্গা উপজেলা যুবদলের যুগ্ন-আহবায়ক রহিত, আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন-আহবায়ক রানা, রাসেল, আলমডাঙ্গা পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ন-আহবায়ক জনি, সোহাগ, আলমডাঙ্গা পৌর যুবদলের আহবায়ক নাজিম মোল্লা, পৌর যুবদলের যুগ্ন-আহবায়ক ফারুক হোসেন, আলমডাঙ্গা কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি মুন, উপজেলা যুবদলের নেতা সুলতানুল আরেফিন তাইফু, গাউসুল কাওনাইন সুষম, আব্দুল্লাহ, শামিম রেজা সাগর, সুন্নত, রিপন ডাক্তার, জুয়েল, মুন্নী, সোহাগ, আরিফুল, জনি, মনিহার, রাসেল, রাজু, জিগালা, হাসিব, মানিক, সিরাজুল, আলমডাঙ্গা উপজেলা ছাত্রদলের যুগ্ন-আহবায়ক সামিউল হাসান সানী, পৌর ছাত্রদলের যুগ্ন-আহবায়ক লিখন, সাইড, ছাত্রদল নেতা সিজান, জাহিদ, টনি, রনি, জনি, যুবদলের কালু, সোহাগ, খালেদ, ডুবার, সালাম, সুমন, কলেজ ছাত্রদলের যুগ্ন-আহবায়ক নাজিব, সুমন।

আরও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপি, সেচ্ছাসেবক দল, যুবদল ও ছাত্রদলের সহস্রাধিক নেতাকর্মী।

মেহেরপুরে ছাত্রদলের ৪৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দু’হাত রাঙাও বারুদে, প্রস্তুত থেকো,প্রস্তুত রেখো নিজেকে এই স্লোগানে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৪তম প্রতিষ্টাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রদলের উদ্যোগে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপি’র কার্যালয় প্রাঙ্গণে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সাংগঠনিক সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আকিব জাবেদ সেনজির,সদস্য সচিব আফিরুল ইসলাম। সদর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মোল্লা নাজমুল হোসেন,সদস্য সচিব ফজলে রাব্বি। গাংনী উপজেলা ছাত্রদলের আহ্বায়ক সাজেদুর রহমান বিপ্লব,সদস্য সচিব রিপন হোসেন, মেহেরপুর পৌরসভা ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহী,সদস্য সচিব জার্জিস ইউসুফ রৌমিক,গাংনী পৌরসভা ছাত্রদলের আহ্বায়ক জুয়েল রানা,সদস্য সচিব মোঃ শিশির প্রমুখ।

ছাত্র সমাবেশে জেলা ছাত্রদলের সকল ইউনিটের ছাত্রনেতা ও সাবেক ছাত্রদলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলো।

মেহেরপুরে বিএনপি’র ৪৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি’র ৪৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জেলা বিএনপি’র র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

র্যালী ও সমাবেশের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন,জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান,জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিএনপি যুগ্ম সম্পাদক আব্দুর রহিম, আরিজুললা বাবলু মাস্টার,মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সিনিয়র সহ সভাপতি শহীদুল আলম।

এছাড়াও জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুননেসা নয়ন,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু,ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।
এ সময় মেহেরপুর জেলা, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি’র ৪৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র একটি র্যালী বের হয়। র্যালীটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সমাবেশের স্থানে শেষ হয়।

এ দিকে মেহেরপুর বড় বাজার জেলা বিএনপির কার্যালয় ৪৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে



এবং জেলা বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক
কাজী মিজান মেননের সঞ্চালনায়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোস্তাক রাজা, হামিদ খান গাজু। এছাড়া উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ সভাপতি আনিসুর রহমান লাবলু, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক হুজাইফা ডিক্লেয়ার, জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি, খাইরুল ইসলাম, ইসমাইল হোসেন, হাসিবুজ্জামান বিপলু, হাসিবুজ্জামান বিট্টু।

এ সময় উপস্থিত ছিলেন জেলা ছাত্র দলের সহ সভাপতি নাহিদ মাহমুদ সানি, ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, সহ সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দিন। এসময় জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারন সম্পাদক অ্যাড. নজরুল ইসলাম সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।